# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১২৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬০৬]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضعِ الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. সালাতে মুক্তাদীরা কখন দাঁড়াবে

باب مَتَى يَقُومُ النَّاسُ لِلصَّلاَةِ

আরবী

وَحَدَّثَنِي سَلَمَةُ بْنُ شَبِيبٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أَعْيَنَ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا سِمَاكُ بْنُ حَرْبٍ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ كَانَ بِلاَلٌ يُؤَذِّنُ إِذَا دَحَضَتْ فَلاَ يُقِيمُ حَتَّى يَخْرُجَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَإِذَا خَرَجَ أَقَامَ الصَّلاَةَ حِينَ يَرَاهُ .

বাংলা

১২৫৭-(১৬০/৬০৬) সালামাহ ইবনু শাবীব (রহঃ) ..... জাবির ইবনু সামুরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সূর্য ঢলে পড়লেই বিলাল আযান দিতেন। কিন্তু রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে না আসা পর্যন্ত এবং তাকে না দেখা পর্যন্ত ইকামাত দিতেন না। বের হয়ে আসার পর তিনি তাকে দেখতেন তখনই কেবল ইকামাত দিতেন*। (ইসলামী ফাউন্ডেশন, ১২৪৫, ইসলামীক সেন্টার ১২৫৮)

## English

Jabir b. Samura reported:
Bilal summoned to prayer as the sun declined but did not pronounce Iqama till the Messenger of Allah (ﷺ) came out and the Iqama was pronounced on seeing him.

ফুটনোট

* উল্লেখিত হাদীসসমূহের আলোচনায় কাজী আয়াজ (রহঃ) অধিকাংশ উলামার মত সম্বন্ধে বলেন, মুসল্লীগণের জন্য মুয়াযযিন ইকামাত শুরু করতেই দণ্ডায়মান হওয়া মুস্তাহাব। ইমাম নবাবী (রহঃ) বলেন, পূর্ববর্তী ও পরবর্তী সকল জমহুর উলামার মতে মুয়াযিনের ইকমাত বলে অবসর হলে ইমাম তাকবীর বলবেন। (শারহে মুসলিম- ১ম খণ্ড ২২১ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48010

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন